

জাতীয় জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
হাসপাতাল-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৫৬.১১৩.০০.০০১.২০১১

তারিখ: ৩০/১১/১৪২৩ বঙ্গাব্দ  
১৪/০৩/২০১৭ খ্রিষ্টাব্দ

### অফিস আদেশ

আগামী ১৭ মার্চ ২০১৭ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা প্রদর্শন এবং দিনটি যথাযথ মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস- ২০১৭ উদযাপন উপলক্ষে দেশের সকল সরকারি হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে।

২। উক্ত দিবসে সকাল ৮.০০ ঘটিকা হতে ৮.৩০ ঘটিকা পর্যন্ত হাসপাতালের কর্মকর্তা-কর্মচারী গণের সমন্বয়ে আলোচনা সভা অনুষ্ঠান, সকাল ৮.৩০ ঘটিকা হতে দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত সকল সরকারি হাসপাতাল/ক্লিনিক ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদানসহ বহিঃবিভাগ খোলা রাখা এবং জরুরী ও ইনডোর সেবা যথানিয়মে সার্বক্ষণিক চালু রাখতে হবে।

৩। মাননীয় প্রধানমন্ত্রী ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি ও নিম্নোক্ত স্লোগান সম্বলিত ব্যানার প্রদর্শন করতে হবেঃ

“খুশির দিন, সুখের দিন  
বঙ্গবন্ধুর জন্মদিন।  
স্বাস্থ্য সেবার অধিকার  
এই দিনটির অঙ্গীকার।”

- ৪। প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রয়োজনীয় কভারেজের উদ্যোগ গ্রহণ করতে হবে।  
৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৬৫।-

(এস.এম. জাহাঙ্গীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৯১৯২

নং-৪৫.১৫৬.১১৩.০০.০০১.২০১১-৮৯

তারিখ: ৩০/১১/১৪২৩ বঙ্গাব্দ  
১৪/০৩/২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাঁর অধীনস্থ সকল বিভাগীয় পরিচালক, পরিচালক, তত্ত্বাবধায়ক ও সিডিল সার্জনগণকে নির্দেশনা জারির অনুরোধ সহ)।
২. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা (তাঁর অধীনস্থ সকল প্রতিষ্ঠানে নির্দেশনা জারির অনুরোধসহ)।
৩. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রধান, স্বাস্থ্য শিক্ষা বৃত্তো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রয়োজনীয় কভারেজের অনুরোধসহ)।
৭. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন/হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. যুগ্ম সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫০৮/১৯  
(এস.এম. জাহাঙ্গীর হোসেন)

সিনিয়র সহকারী সচিব